



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeeb.gov.bd](http://www.bmeeb.gov.bd), E-mail: [info@bmeeb.gov.bd](mailto:info@bmeeb.gov.bd), Fax: ৫৮৬১৬৬৮১, ৫৮৬১৭৯০৮, ৯৬১৫৫৫৭৬

নং-বামাশিবো/প্রশা/ময়মন-২৮৩/ ৮১৬/৮

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪২৯  
২৮ নভেম্বর ২০২২

বিষয়: সভাপতি পরিবর্তনসহ আর্থিক অনিয়ম বিষয়ে সতর্ক করণ প্রসঙ্গ।

সূত্র : ১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- বামাশিবো/প্রশা/২৩৩২২১২২৭৯১/ময়মন-২৮৩/৮১৬/৮/ তারিখ: ১৩/০৬/২০২২ খ্রি.  
২) উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ এর স্মারক নংউপপত্র-ত্রি-ম২০২২/৩২৯ তারিখ: ২১/০৮/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন বইলর মঠবাড়ী দারুল হদা বালিকা দাখিল মাদ্রাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপারের বিবৃক্ষে অর্থ আমসাং বিষয়ে জনাব মো: তোফাজল হোসেন অভিযোগ দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ-কে সুত্রোক্ত ১ নং স্মারকে পত্র দেয়া হলে তিনি সরেজমিনে তদন্ত করে সুত্রোক্ত ২ নং স্মারকে প্রতিবেদন প্রেরণ করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় প্রথমবার সভাপতি হিসেবে দায়িত্ব পালন করায় এবং আর্থিক বিধি-বিধান না জানায় এই অনিয়ম হয়েছে মর্মে সভাপতি দাবি করেন। পক্ষান্তরে সুপার তৎক্ষনিক প্রয়োজনে নগদ অর্থ খরচ করা হয়েছে যে মন্তব্য প্রদান করেন তা বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৪৫ অনুযায়ী কোনক্রমেই গ্রহণযোগ্য নয় মর্মে প্রতিবেদনে উল্লেখ করেন।

বর্ণিত অবস্থায় মাদ্রাসার আর্থিক বিধি-বিধান না জেনে নগদ অর্থ খরচে অনিয়ম প্রমাণিত হওয়ায় ভবিষ্যতে এ সংক্রান্ত অনিয়ম থেকে বিরত থাকার জন্য সুপারকে সতর্ক করা হলো এবং মাদ্রাসাটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রস্তাবিত ম্যানেজিং কমিটির সভাপতি পরিবর্তন করে প্রিজাইডিং অফিসারের মাধ্যমে পুনরায় সভাপতি নির্বাচিত করে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৮/১১/২২

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: [registrar@bmeeb.gov.bd](mailto:registrar@bmeeb.gov.bd)

২৮/১১/২২

- ১। সভাপতি,  
বইলর মঠবাড়ী দারুল হদা বালিকা দাখিল মাদ্রাসা, ত্রিশাল, ময়মনসিংহ;
- ২। সুপার/ভারপ্রাপ্ত সুপার,  
বইলর মঠবাড়ী দারুল হদা বালিকা দাখিল; মাদ্রাসা, ত্রিশাল, ময়মনসিংহ

নং-বামাশিবো/প্রশা/ময়মন-২৮৩/ ৮১৬/৮

তারিখ: ০২ অগ্রহায়ণ ১৪২৯  
২৮ নভেম্বর ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ;
৫. সভাপতি, বইলর মঠবাড়ী দারুল হদা বালিকা দাখিল মাদ্রাসা, ত্রিশাল, ময়মনসিংহ;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কগ্রি।

২৮/১১/২২

মোঃ ওমর ফারুক

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৮

ই-মেইল: [dadmin@bmeeb.gov.bd](mailto:dadmin@bmeeb.gov.bd)

২৮/১১/২২